

AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

৮০.১০৩.০১১.০০.০০২.২০১৬-২৪২

তারিখ : ০৬/১২/২০১৬খ্রিঃ।

বিষয় : জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের “ম্যানেজার (প্রেস)” এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরের “এক্সামিনার অব একাউন্টস” পদে নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের “ম্যানেজার (প্রেস)” বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরের “এক্সামিনার অব একাউন্টস” পদে নিয়োগের জন্য অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ১৯/১২/২০১৬ খ্রিঃ দুপুর ১:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত।
লিখিত পরীক্ষার কেন্দ্র : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় ভবন, আগারগাঁও,
শেরেবাংলানগর, ঢাকা।

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী :

১. লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।
২. প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করা বাঞ্ছনীয়। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
৪. প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার সময় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল বিষয়সহ ৪টি বিষয়ের একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৩ ঘণ্টা সময়ের মধ্যে তাদেরকে ৪টি বিষয়ের উত্তর প্রদান করতে হবে।
৫. পরীক্ষার সময় একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না। প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
৬. ৪টি বিষয়ের প্রশ্নপত্রে প্রদত্ত বিষয় কোড সংশ্লিষ্ট উত্তরপত্রের বিষয় কোডের ঘরে লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করতে হবে। অন্যথায় উক্ত উত্তরপত্র বাতিল করা হবে।
৭. পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, হাতঘড়ি বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তত্ত্বাধী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
৮. হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া প্রয়োজন।
৯. পরীক্ষা কক্ষে কোন অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে-কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করেন।
১০. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)।

- * পড়াশুনা এবং জ্ঞান অর্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- * চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।